



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd



জরুরী বিজ্ঞপ্তি

স্মারক নম্বর-০৬/কল/বিজ্ঞপ্তি/০১/৩৮

তারিখ: ২৪/০২/২০২২

বিষয়: উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে গভর্নিং বডি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।


সূত্র: চেয়ারম্যান মহোদয়ের ২৪/০২/২০২২খ্রি: তারিখে আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, অত্র শিক্ষা বোর্ডের অধিভুক্ত উচ্চ মাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/রিটাইনিং কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক গত ২২/০১/২০২২ খ্রি. তারিখ হতে কোভিড-১৯ মহামারীর কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করায় অত্র বোর্ডের অধিভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে নির্বাচন কার্যক্রম বন্ধ করা হয়েছিল। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান সমূহ চালু হওয়ায় প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ১২ থেকে ২৮ পর্যন্ত দফাগুলো অনুসরণপূর্বক উক্ত প্রবিধানমালার প্রবিধি(৪)মোতাবেক গভর্নিংবডি গঠন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্বাচন সংক্রান্ত কার্যক্রম পূর্বে যে অবস্থায় বন্ধ রাখা হয়েছিল সেখান থেকেই আবার কার্যক্রম শুরু করা যাবে।

Intermediate and Secondary Education Board 1961 (E.P. Ord. No XXXIII of 1961) এর Section 11 এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে


সচিব

ও

কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক: সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/প্রিজাইডিং অফিসার/রিটাইনিং কর্মকর্তা।

স্মারক নম্বর-০৬/কল/বিজ্ঞপ্তি/০১/৩৮(০৬)

তারিখ: ২৪/০২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), বাংলাদেশ, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৬। অফিস কপি।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর : ২/কনি-২য় খন্ড-০৩/১১৯

তারিখ : ২৪/০২/২০২২

বিষয় : ২০২০-২০২১ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে বিষয় / বিভাগ পরিবর্তন ও নিবন্ধন করণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় ও বিভাগ পরিবর্তন অনলাইনের মাধ্যমে ১০/০৩/২০২২ তারিখ পর্যন্ত কলেজে অনুমোদিত বিষয় ও আসন সংখ্যা ফাঁকা থাকা সাপেক্ষে বিভাগ পরিবর্তন এবং যে সকল শিক্ষার্থীর ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তি ও সোনালী সেবা করা হয়েছে কিন্তু তাঁর নিবন্ধন প্রক্রিয়া এখনও অনলাইনে সম্পন্ন হয় নাই সেই সকল শিক্ষার্থীদের নিবন্ধন সম্পন্ন করতে হবে। বিষয় পরিবর্তন ফি ২৫০/- ও বিভাগ পরিবর্তন ফি ৫০০/- টাকা। বিষয় ও বিভাগ পরিবর্তন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংযুক্ত নির্দেশিকা অনুসরণ করে অনলাইনে তথ্য Submit সাপেক্ষে সোনালী সেবার স্লিপ ডাউন লোড পূর্বক সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা প্রদান করতঃ হার্ডকপি ও রশিদের একটি কপি কলেজ নিবন্ধন শাখায় আগামি ২৩/০৩/২০২২ ও ২৪/০৩/২০২২ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

প্রাপক:

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

চেয়ারম্যানের আদেশক্রমে


মো: হুমায়ূন কবীর ২৬.২.২২

সচিব

ও

কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী